



রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) চলমান ভর্তি পরীক্ষা একদিন করে পিছিয়েছে।

রোববার বিকেলে 'এ' ইউনিটের চতুর্থ শিফটের পরীক্ষা শেষে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির জরুরি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, সোমবার 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে না। পরীক্ষাটি অনুষ্ঠিত হবে মঙ্গলবার। আর মঙ্গলবার অনুষ্ঠিতব্য 'সি' ও 'এফ' ইউনিটের পরীক্ষা হবে বুধবার এবং বুধবারের অনুষ্ঠিতব্য 'ডি' ও 'ই' ইউনিটের পরীক্ষা হবে বৃহস্পতিবার।

বিষয়টি নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের সহকারী পরিচালক তাবিউর রহমান প্রধান বলেন, 'চলমান ঘূর্ণিবাড় 'বুলবুল' এর কারণে দেশের বিভিন্ন প্রান্ত থেকে ভর্তিচ্ছুরা পরীক্ষা দিতে আসতে না পারায় ভর্তি পরীক্ষা কমিটি এই সিদ্ধান্ত নেন।'